



লেখাপড়া

□ বিজয় মজুমদার

লেখাপড়া শিখব আমি
দেখব কত দেশ।

পরিশ্রমে আনব টাকা,
থাকবে নাকো ক্লেশ।
বাবা মাকে করব সুখী,
দীন জনে দান
সকল জনে বাসব ভালো,
রাখব মায়ের মান।

ছোট পাখি

□ রিমা রয়
দশম শ্রেণি, ক - শাখা

ছোট পাখি উড়ে তুমি —
কোথায় চলে যাও।
ভোরের আলো দেখে তুমি —
ডানা মেলে দাও।
নীল আকাশে ঘুরে বেড়াও
কিসের সন্ধানে?
সন্ধে হলে ফিরে আস
আপন নীড়ের পানে।

ভারত আমাদের দেশ

□ রবীন্দ্র পাল
দশম শ্রেণি

আমাদের এই দেশ
সবার চেয়ে বেশ,
করবে যে অত্যাচার এই দেশের ওপর
করবো আমরা তাকে শেষ।

আমাদের এই দেশে
কত যে পশপাখি,
দেখে যেন মনে হয়
সারা জীবন তাকিয়ে থাকি।

আমাদের এই দেশে
ভরা পর্বত পাহাড়,
উঁচু-নিচু এই পাহাড়ের
কত ই না বাহার।

আমাদের এই দেশ
সবুজের পরিবেশ,
বৃক্ষলতায় পরিপূর্ণ
সকল দেশের থেকে বেশ।

ভারত আমাদের দেশ,
সবার চেয়ে বেশ,
করবে যে অত্যাচার দেশের ওপর
করব আমরা তাকে শেষ।